# 3 Yr. Degree/4 Yr. Honours 1st Semester Examination, 2024 (CCFUP)

## Subject : Bengali

## Course : BENG1011 (MAJOR)

11994

(সাহিত্য : প্রাথমিক ধারণা)

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৬০

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে-কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

(ক) ব্যঙ্গ মহাকাব্য (Mock Epic) কাকে বলে? একটি বাংলা ব্যঙ্গ মহাকাব্যের উদাহরণ দাও।

(খ) 'ট্র্যাজেডি' শব্দটির উৎপত্তি কোন শব্দ থেকে? সেই শব্দটির মূল অর্থ কী?

(গ) শান্তিনিকেতন পর্বে রবীন্দ্রনাথের লেখা দুটি নাটকের নাম উল্লেখ করো।

(ঘ) রবীন্দ্রনাথের 'অতিথি' গল্পটি কোন পত্রিকায়, কত সালে প্রথম প্রকাশিত হয়?

(ঙ) 'তাজমহল' গল্পে বৃদ্ধের স্ত্রী কোন রোগে আক্রান্ত ছিলেন?

(চ) 'ঝর্ণা' কবিতায় ঝরনাকে 'তরলিত চন্দ্রিকা' বলা হয়েছে কেন?

(ছ) 'বাংলা কাব্যের গোড়ার কথা' কার লেখা? এটি তাঁর কোন গ্রন্থ থেকে গৃহীত?

(জ) "ও তোর সতীন হল।" — বক্তা কে? কে, কার 'সতীন' হল?

(ঝ) "নাম পরতাপে যার ঐছন করল গো...।" — 'পরতাপ' ও 'ঐছন' শব্দের অর্থ লেখো।

(ঞ) পঞ্চাঙ্ক নাটকের প্লটের পাঁচটি অংশ বা পর্যায়ের নাম লেখো।

(ট) উপন্যাসের আখ্যান-নির্মাণে ঔপন্যাসিক সাধারণত কয় ধরনের রীতি বা কৌশল বেছে নেন? কী কী?

(ঠ) বাংলায় লেখা বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের দুটি ইতিহাস-আশ্রিত উপন্যাসের নাম লেখো।

(ড) "কাণ্ডারী! তব সম্মুখে ওই পলাশীর প্রান্তর।" — 'পলাশীর প্রান্তর'-এ কবে কী হয়েছিল?

(ঢ) 'আমাদের ভাষা-সংকট' প্রবন্ধে লেখক ভাষা ব্যবহারের ক্ষেত্রে দু-রকম চুরির কথা বলেছেন। দু-রকম চুরি কী কী?

(ণ) নবনীতা দেবসেন-এর 'লগ্ন' কবিতাটি কোন কাব্যের অন্তর্গত? কাব্যটির প্রকাশকাল উল্লেখ করো।

২। *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) ট্র্যাজেডি ও মেলোড্রামার পার্থক্যটি বুঝিয়ে দাও।

(খ) আদি মহাকাব্য ও সাহিত্যিক মহাকাব্যের পার্থক্য লেখো।

(গ) 'বাংলা কাব্যের গোড়ার কথা' প্রবন্ধটির মূল বক্তব্য আলোচনা করো।

(ঘ) "সই কেবা শুনাইল শ্যামনাম।" — পদটির কাব্যসৌন্দর্য বিচার করো।

(ঙ) বনফুল-এর 'তাজমহল' গল্পে ফকির শা-জাহান-এর পত্নীপ্রেম কীভাবে মহিমান্বিত হয়েছে, গল্পের কাহিনি অনুসরণ করে সেটি আলোচনা করো।

(চ) 'নারী ও নাগিনী' গল্পের খোঁড়া শেখ চরিত্রটির বিশিষ্টতা আলোচনা করো।

৩। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) আত্মজীবনীমূলক উপন্যাস কাকে বলে? একটি বাংলা আত্মজীবনীমূলক উপন্যাসের আলোচনা করো।

(খ) বিমল কর-এর 'জননী' গল্পে মায়ের মৃত্যুর পর সন্তানদের স্মৃতিতর্পণের মধ্যে দিয়ে একজন রক্তমাংসের মা কীভাবে নতুন রূপ পেয়েছে তা আলোচনা করে দেখাও।

(গ) ইতিহাসের প্রচলিত একটি আখ্যান অবলম্বন করে কবি শঙ্খ ঘোষ 'বাবরের প্রার্থনা' কবিতায় চিরন্তন পিতৃসত্তার যে পরিচয় দিয়েছেন, তা নিজের ভাষায় লেখো।

(ঘ) বুদ্ধদেব বসু তাঁর 'রবীন্দ্রনাথ ও উত্তরসাধক' প্রবন্ধে নজরুল ইসলাম এবং সত্যেন্দ্রনাথ দত্তের কবিপ্রতিভার যে মূল্যায়ন করেছেন, তা নিজের ভাষায় লেখো।

---